# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**29-05-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গে বিজেপি সরকার, ক্ষমতায় আসার পরে অনুপ্রবেশ রোধে যেসকল ব্যবস্থা নিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন।

২) জনগণনার কাজ সুচারুভাবে সম্পন্ন করতে রাজ্য সরকারের উদ্যোগে আজ নবান্নে 'প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স' কনফারেন্সের আয়োজন করা হচ্ছে।

৩) অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পে স্বচ্ছতা রক্ষার কারণেই উপভোক্তার বিশদ তথ্য সরকার চেয়েছে বলে রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

৪) বিধানসভায় সই নিয়ে জটিলতার কারণে তৃণমূল কংগ্রেসের চার বিধায়কের বাড়িতে সিআইডি। বিধানসভার সচিবালয়ের অভিযোগের প্রেক্ষিতেই চলছে তদন্ত।

৫) কলকাতা পুলিশের আধুনিকীকরণের জন্য পাঁচ সদস্যের কমিটি গঠন করেছে রাজ্য সরকার।

৬) যোগ ব্যায়ামের প্রসারে আগামী ২১ শে জুন আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানটি এবার কলকাতায় অনুষ্ঠিত হবে।

---

পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় আসার পরে অনুপ্রবেশ রোধে যেসকল ব্যবস্থা নিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গুজরাটের গান্ধীনগরে এক জনসভায় গতকাল তিনি বলেন, ক্ষমতায় আসার সাত দিনের

মধ্যে সীমান্তে বেড়া দেওয়ার জন্য বিএসএফকে প্রয়োজনীয় জমি তুলে দেওয়ার কাজ করা হয়েছে।

বাইট

শ্রী শাহ বলেন, অনুপ্রবেশকারীরা যদি নিজে থেকেই ভারত ছেড়ে যান, তাহলে তাদের বিরুদ্ধে কোনো আইনী ব্যবস্থা নেওয়া হবে না। আগামী দিনে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করার কাজ আরও গতি পাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

বাইট

এদিকে, বাংলাদেশে ফিরে যাওয়ার জন্য উত্তর ২৪ পরগণার হাকিমপুর সীমান্তে লাগাতার বাড়ছে ভিড়। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

পশ্চিমবঙ্গে জনগণনার কাজ সুচারুভাবে সম্পন্ন করতে রাজ্য সরকারের উদ্যোগে একটি সম্মেলনের আয়োজন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্ন সভাঘরে ‘প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স’ কনফারেন্সের উদ্বোধন করবেন। নবান্ন সূত্রে খবর, জনগণনা প্রক্রিয়ার কাজ দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যেতে জেলা প্রশাসন, পুরসভা এবং বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয় বাড়ানোর উপর জোর দেওয়া হচ্ছে। বাড়ি তালিকাকরণ, প্রশাসনিক সীমানা আপডেট, তথ্য সংগ্রহের জন্য কর্মী প্রস্তুতি এবং ডিজিটাল পরিকাঠামো তৈরির কাজও শুরু হতে পারে খুব শীঘ্রই।

পূর্বতন তৃণমূল সরকার রাজনৈতিক কারণে জনগণনা প্রক্রিয়া আটকে রেখেছিল বলে এর আগে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন।

--------------------

অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পে স্বচ্ছতা রক্ষার কারণে উপভোক্তার বিশদ তথ্য সরকার চেয়েছে বলে রাজ্যের নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সরকার যাচাই প্রক্রিয়া চালাবে বলে গতকাল জানিয়েছেন তিনি।

বাইট

পূর্বতন সরকারের লক্ষ্মীর ভান্ডার প্রকল্পে পুরুষ এমনকি অনুপ্রবেশকাকীরাও টাকা পেতেন বলে অভিযোগ করেন তিনি।

এদিকে, মহিলাদের জন্য ঘোষিত অন্নপূর্ণা ভান্ডারের সুবিধা যাতে সকলেই পান, তা দেখার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। রাজ্যের ওপর থাকা আর্থিক বোঝা কমাতেই এই প্রকল্পে উপভোক্তার সংখ্যা রাজ্য সরকার হ্রাস করছে কিনা, অধীর বাবু সেই প্রশ্ন তোলেন।

অন্নপূর্ণা যোজনার ফর্ম প্রকাশের পরই শুরু হয়েছে তা বন্টনের কাজ। বাঁকুড়ার ছাতনা ব্লকে গতকাল বিধায়ক সত্যনারায়ণ মুখোপাধ্যায়, এলাকার বিডিও সহ প্রশাসনিক কর্তারা ফর্ম পূরণে মানুষকে সাহায্য করেন।

--------------------

বিধানসভায় সই নিয়ে জটিলতার কারনে তৃণমূল কংগ্রেসের চার বিধায়কের বাড়িতে গতকাল যান CID আধিকারিকরা। চৌরঙ্গীর তৃণমূল বিধায়ক নয়না বন্দ্যোপাধ্যায়ের পাশাপাশি রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের আধিকারিকরা যান বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষ, ক্যানিং পূর্বের বিধায়ক বাহারুল ইসলাম এবং ডোমজুড়ের বিধায়ক তাপস মাইতির বাড়িতে। বিধানসভায় পরিষদীয় দলের তরফে জমা দেওয়া চিঠির সঙ্গে তাঁদের স্বাক্ষরে অসঙ্গতির অভিযোগ উঠেছে বলে খবর।

--------------------

রাজ্য সরকার আগামী পয়লা জুন থেকে সরকারি বাসে মহিলাদের বিনামূল্যে যাতায়াতের কথা ঘোষণা করলেও, বাস পরিষেবা অপ্রতুল বলে সিপিআইএম এর বিধায়ক মোস্তাফিজুর রহমান অভিমত প্রকাশ করেছেন। বিষয়টিতে তিনি ইতিমধ্যে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে চিঠিও পাঠিয়েছেন। তিনি বহরমপুর - ডোমকল - জলঙ্গি রুটে দ্রুত সরকারি বাস পরিষেবা চালুর দাবি জানান।

-------------------

দক্ষিণ ২৪ পরগণার সাগরে এক তৃণমূল কংগ্রেস কর্মীর দোকান থেকে বিপুল পরিমাণ ত্রাণ সামগ্রী উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত চৌঠা মে নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই ভূপতি মাইতি নামে ঐ তৃণমূল কংগ্রেস কর্মীর দোকানে ত্রাণ সামগ্রী মজুত করা হচ্ছিল। বিষয়টি জানতে পেরে স্থানীয়রা দোকানে তালা ঝুলিয়ে দেয়। ৪৩ টি ত্রিপল, ১১ বস্তা মাছের খাবার প্রভৃতি উদ্ধার হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

-------------------

কলকাতা পুলিশের আধুনিকীকরণের জন্য উদ্যোগী হয়েছে রাজ্য সরকার। এই লক্ষ্যে পাঁচ সদস্যের একটি কমিটি তৈরি করা হয়েছে। কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (সংগঠন) নীলাঞ্জন বিশ্বাস কমিটির নেতৃত্ব দেবেন। শহরের আইনশৃঙ্খলা পরিস্থিতি, অশান্তির ক্ষেত্রে প্রস্তুতি খতিয়ে দেখে ১৫ দিনের মধ্যে এই কমিটিকে বিশদ রিপোর্ট কমিশনারের কাছে জমা দিতে বলা হয়েছে। পাশাপাশি পুলিশের বিভিন্ন সরঞ্জাম উপযুক্ত সংখ্যায় রয়েছে কিনা, তাও খতিয়ে দেখবে এই কমিটি। দিল্লী পুলিশ, সিআরপিএফ এবং কেন্দ্রীয় বাহিনীর সমকক্ষ হিসাবে কলকাতা পুলিশকে সজ্জিত করার পরিকল্পনা রয়েছে লালাবাজারের।

-------------------

চিত্র পরিচালক অনিক দত্তের অস্বাভাবিক মৃত্যুর তদন্তে কলকাতা পুলিশের ফরেন্সিক দল গতকাল ঘটনার পুনর্নির্মাণ করেছে। দুপুরে গড়িয়াহাটের হিন্দুস্তান পার্কের ঘটনাস্থলে যান তদন্তকারীরা। বহুতলটির ছাদ থেকে প্রয়োজনীয় নমুনাও সংগ্রহ করেছেন তারা।

--------------------

স্কুলের গাফিলতিতে ছাত্র মৃত্যুর অভিযোগ তুলে দোষীদের অবিলম্বে গ্রেফতারির দাবিতে গতকাল দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণীর মহর্ষি বিদ্যামান্দিরের সামনে বিক্ষোভ দেখিয়েছেন অভিভাবকরা। উল্লেখ্য ওই স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্র আয়ুশ নাথের মৃত্যুতে গত ২০ তারিখ নেতাজিনগর থানায় FIR দায়ের করে তাঁর পরিবার। ৮ দিন কেটে গেলেও পুলিশ নিষ্ক্রিয় বলে অভিযোগ। এই ঘটনায় প্রিন্সিপ্যাল সহ তিনজনকে আটক করা হলেও পরে তাদের ছেড়ে দেওয়া হয়।

--------------------

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকাল পর্যন্ত ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী দু-এক দিন সর্বনিম্ন তাপমাত্রাও কিছুটা কমবে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

উত্তরবঙ্গে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে।

--------------------

১৫ মিনিটের ঝড়ে গতকাল শিলিগুড়ি শহরের একাংশ লন্ডভন্ড হয়ে যায়। বহু এলাকায় বড় গাছ উপড়ে পড়েছে। ব্যাহত হয়েছে যান চলাচল। সবচেয়ে ক্ষতিগ্রস্ত চম্পাসারি, পানিটাঙ্কি সহ বেশ কয়েকটি এলাকা। শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ ক্ষতিগ্রস্ত এলাকাগুলি ঘুরে দেখেছেন। পরিস্থিতি মোকাবিলায় তিনি কথা বলেন মেয়র গৌতম দেবের সঙ্গেও।

--------------------

যোগ ব্যায়ামের প্রসারে আগামী ২১ শে জুন আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানটি এবার হবে কলকাতায়। দিনটি পালনের মূল ভাবনা, yoga for healthy aging. মধ্য কলকাতার রেড রোড বা সংলগ্ন এলাকায় এই অনুষ্ঠান এর আয়োজন করার জন্য ইতিমধ্যেই সেনাবাহিনীর ছাড়পত্র পাওয়া গিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেখানে উপস্থিত থাকতে পারেন। অংশ নেবেন যোগ বিশারদরাও। উল্লেখ্য অনুষ্ঠানের আয়োজনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সম্প্রতি বিশিষ্ট যোগ ব্যায়াম বিশারদদের নিয়ে নবান্নে একটি বৈঠক করেন।

--------------------

জরুরি মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী রবিবার সকাল ছয়টা থেকে দুপুর দুটো পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোনরকম যানবাহন চলবে না বলে আজ কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

-------------------- --------------------